

তারিখ : ০৪ জানুয়ারি, ২০২২
স্মারক নং : রিহাব/আইন/মেম্বার/বার্ষিক চাঁদা/০১/২০২২/১১২১৩

বরাবর,
সম্মানিত সদস্য
রিহাব।

বিষয় : রিহাব মেম্বারশীপ সাবস্ক্রিপশন - ২০২২ যথাসময়ে পরিশোধ প্রসঙ্গে।

জনাব,
রিয়াল এস্টেট এ্যান্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ (রিহাব)-এর পক্ষ থেকে শুভেচ্ছা নিন।

আপনার রিয়াল এস্টেট ডেভেলপার প্রতিষ্ঠানের রিহাব মেম্বারশীপ সাবস্ক্রিপশন - ২০২২ বাবদ নির্ধারিত ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা আগামী ৩১ মার্চ, ২০২২ এর মধ্যে রিহাব “হিসাব বিভাগ”-এ জমার জন্য অনুরোধ করছি।

উল্লেখ্য, রিহাব এর “মেমোরেন্ডাম এন্ড আর্টিকেলস অব এসোসিয়েশন” অনুযায়ী কোন রিহাব সদস্য ডেভেলপার প্রতিষ্ঠান চলতি ২০২২ সালের সাবস্ক্রিপশন ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা ৩১ মার্চ, ২০২২ এর মধ্যে পরিশোধ করতে সমর্থ না হলে “পরবর্তীতে” উক্ত ডেভেলপার প্রতিষ্ঠানসমূহ রিহাব সংঘবিধির IIB1 অনুচ্ছেদ মোতাবেক নির্ধারিত বিলম্ব ফি সহ নিম্নোক্ত হিসাবে পরিশোধ করতে পারবেন:-

(ক) বিলম্ব ফি ৫,০০০/- টাকা সহ (২৫,০০০+৫,০০০) মোট ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা; যদি ৩০ এপ্রিল, ২০২২ এর মধ্যে পরিশোধ করা হয়।

(খ) বিলম্ব ফি ৭,৫০০/- টাকা সহ (২৫,০০০+৭,৫০০) মোট ৩২,৫০০/- (বত্রিশ হাজার পাঁচ শত) টাকা; যদি ৩১ মে, ২০২২ এর মধ্যে পরিশোধ করা হয়।

(গ) বিলম্ব ফি ১০,০০০/- টাকা সহ (২৫,০০০+১০,০০০) মোট ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার) টাকা; যদি ৩০ জুন, ২০২২ এর মধ্যে পরিশোধ করা হয়।

যদি কোন রিহাব সদস্য ডেভেলপার প্রতিষ্ঠান সর্বশেষ ৩০ জুন, ২০২২ এর মধ্যে চলতি ২০২২ সালের রিহাব মেম্বারশীপ সাবস্ক্রিপশন বিলম্ব ফি সহ (প্রযোজ্য ক্ষেত্রে) পরিশোধ করতে ব্যর্থ হন; তাহলে রিহাব সংঘ-বিধির IIB অনুচ্ছেদ অনুযায়ী বার্ষিক সাবস্ক্রিপশন খেলাপির কারণে উক্ত ডেভেলপার প্রতিষ্ঠানের রিহাব সদস্যপদ স্থগিত (Ceased) হয়ে যাবে।

সুতরাং আগামী ৩১ মার্চ, ২০২২ এর মধ্যে রিহাব মেম্বারশীপ সাবস্ক্রিপশন - ২০২২ বাবদ নির্ধারিত ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে রিহাব বরাবরে পরিশোধের জন্য অনুরোধ জানাচ্ছি।

আপনার আন্তরিক সহযোগিতা “রিহাব” এর আগামী দিনের কর্মকাণ্ড পরিচালনায় কার্যকরী ভূমিকা রাখবে।

ধন্যবাদান্তে

আলমগীর শামসুল আলামিন
প্রেসিডেন্ট
রিহাব

অনুলিপি :

১। প্রশাসন বিভাগ/হিসাব বিভাগ, রিহাব।

